# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১২২০

পর্ব - ১০ঃ দণ্ড বিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ১. ব্যভিচারীর দণ্ড - সন্দেহের অবকাশ থাকলে হাদ্দকে প্রতিহত করা প্রসঙ্গে

আরবী

وَأَخْرَجَهُ التِّرْمِذِيُّ, وَالْحَاكِمُ: مِنْ حَدِيثِ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا بِلَفْظِ: «ادْرَأُوا الْحُدُودَ عَنِ الْمُسْلِمِينَ مَا اسْتَطَعْتُمْ». وَهُوَ ضَعِيفٌ أَيْضًا

ضعيف جدا. رواه الترمذي (1424)، والحاكم (4/ 384)، وتمامه: «فإن كان له مخرج فخلوا سبيله، فإن الإمام إن يخطئ في العفو خير من أن يخطئ في العقوبة».
قلت: وفي سنده يزيد بن زياد الدمشقي وهو متروك

বাংলা

১২২০। আয়িশা (রাঃ) হতে বর্ণিত; তিরমিযীতে এরূপ শব্দে আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: সাধ্যানুযায়ি মুসলিমদের উপর হতে হদ্দকে প্রতিহত কর।[1]

## English

At-Tirmidhi and Al-Hakim transmitted on the authority of 'Aishah (RAA) with the wording, 'Allah's Messenger (ﷺ) said:
"Avert infliction of the prescribed punishment on the Muslims as much as you can." It is also a weak hadith.

ফুটনোট

[1] হাকিম ৪র্থ খণ্ড ৩৮৪ পৃষ্ঠা। ইবনু হযম তাঁর আল মাহাল্লী (১১/১৫৪) গ্রন্থে হাদীসটিকে মুরসাল বলেছেন।

ইমাম বুখারী তাঁর ইলালুল কবীর (২২৮) গ্রন্থে বলেন, এর বর্ণনাকারীর মধ্যে ইয়াখীদ বিন যিয়াদ আদ দিমাশকী মুনকারুল হাদীস। ইমাম তিরমিযী (১৪২৪) গ্রন্থেও উক্ত রাবীকে দুর্বল বলেছেন। বাইহাকী তাঁর সুনান আল কুবরার মধ্যে হাদীসটিকে মাওকুফ ও দুর্বল বলেছেন। ইবনু হাজার তাঁর মাওয়াফিকাতুল খবরিল খবর (১/৪৪৪) গ্রন্থে একে গরীব বলেছেন। ইমাম শাওকানী তাঁর নাইলুল আওতার (৭/২৭১) ও সাইলুল জাররার (৪/৩১৬) গ্রন্থে ইয়াযীদ বিন যিয়াদ আদ দিমাশকীর দুর্বলতার দিকেই ইঙ্গিত করেছেন। শাইখ আলবানী তাঁর যঈফ তিরমিযী (১৪২৪), তাখরীজুল মিশকাত ৩৫০৩, যঈফুল জামে ২৫৯, সিলসিলা যাঈফা ২১৯৭ গ্রন্থসমূহে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71031

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন